সমকাল

তারিখ ···20 JUN 2016···
পৃষ্ঠা ··2··· কলাম ·6···

সংসদে গণশিক্ষামন্ত্রী

# এক মাসের মধ্যে ২৬ হাজার শিক্ষক নিয়োগ

■ সমকাল প্রতিবেদক

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, সরকার দুই বছরে নতুন করে ২২ হাজার শিক্ষক নিয়োগ দিয়েছে। আগামী এক মাসের মধ্যে আরও প্রায় ২৬ হাজার শিক্ষক নিয়োগ সম্পন্ন হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন সরকার শিক্ষাক্ষেত্রে যে অবদান রাখছে, তা অতীতে কেউ কখনও রাখেনি।

গতকাল রোববার সকালে দশম জাতীয় সংসদে প্রস্তাবিত ২০১৬-১৭ অর্থবছরের বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে মন্ত্রী এ কথা বলেন। বেলা পৌনে ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হয়।

এ ছাড়া গতকাল বাজেট আলোচনায় আরও অংশ নেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, সরকারি দলের সংসদ সদস্য এ কে এম শাহজাহান কামাল, সিমিন হোসেন রিমি, আবদুল ওয়াহাব, এ কে এম এ আউয়াল (সাইদুর রহমান), নজরুল ইসলাম বাবু, হাবিবুর রহমান মোল্লা, নবী নেওয়াজ, বেগম লুৎফুন্নেসা।